

নথি : ২০/কআঅ/ককক/নিয়োগ/২০২৩-২০২৪/ ২৯৬৬

তারিখ : ০৫/০৫/২০২৪

“বিজ্ঞপ্তি”

কর আপীল অঞ্চল-৪ ঢাকা এর অধীনে ৩য় শ্রেণী ০২(দুই)টি ও ৪র্থ শ্রেণী ০৩(তিন)সহ সর্বমোট ০৫ (পাঁচ) টি শূন্যপদ সরাসরি পূরণের লক্ষ্যে পরীক্ষার তারিখ, সময় ও নির্দেশনাবলী নিম্নরূপ :

পরীক্ষা	তারিখ ও সময়	অবস্থান
লিখিত	১১/০৫/২০২৪ ইং সকাল-১০.০০ ঘটিকায়	শেরে বাংলা বালিকা উচ্চ বিদ্যালয়, আগারগাঁও, ঢাকা
ব্যবহারিক	১৪/০৫/২০২৪ ইং সকাল-১০.০০ ঘটিকায়	বিসিএস কর একাডেমী, শান্তিনগর, ঢাকা
মৌখিক	১৫/০৫/২০২৪ ইং সকাল-১০.০০ ঘটিকায়	কর আপীল অঞ্চল-৪, ঢাকা, রাজস্ব ভবন, (১২ তলা) আগারগাঁও, ঢাকা।

১. লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার সময় এ প্রবেশপত্রটি অবশ্যই সাথে আনতে হবে। ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার জন্য পৃথক কোন প্রবেশপত্র প্রদান করা হবে না এবং এটি কর্তব্যরত পরিদর্শককে দেখাতে হবে।
২. প্রবেশপত্রে থাকা স্বাক্ষর ও ছবি মূল আবেদনপত্রের সময় দাখিলকৃত ছবি ও প্রদত্ত স্বাক্ষরের সাথে মিল থাকতে হবে।
৩. পরীক্ষার্থীদের কালো কালির বলপয়েন্ট কলম আনতে হবে। পেন্সিল ব্যবহার নিষিদ্ধ।
৪. পরীক্ষার্থীদের পরীক্ষা শুরু হওয়ার ৩০ মিনিট পূর্বে প্রার্থীকে আসন গ্রহণ করতে হবে এবং পরীক্ষা শেষ না হওয়া পর্যন্ত কক্ষ ত্যাগ করা যাবে না। পরীক্ষা শুরুর পর কোন পরীক্ষার্থী কেন্দ্রে প্রবেশ করতে পারবেন না। পরীক্ষার্থীকে অবশ্যই তার নির্ধারিত আসনে বসতে হবে।
৫. পরীক্ষার কেন্দ্রে মোবাইল ফোন, ঘড়ি, ইলেক্ট্রনিক ডিভাইস, বই-পুস্তক, ক্যালকুলেটর, ব্যাগ ইত্যাদি আনা যাবে না। পরীক্ষা চলাকালে কোন প্রকার অসদাচারণ অথবা অসদুপায় অবলম্বন করলে প্রার্থীর উত্তরপত্র বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
৬. মৌখিক পরীক্ষার সময় সকল শিক্ষাগত যোগ্যতার মূল সনদ, জাতীয় পরিচয়পত্রের মূল কপি, ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদের মূল কপি, নিজ জেলার প্রমাণক হিসেবে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন এর সনদ/প্রত্যয়ন পত্রের মূল কপি এবং কোটার প্রার্থীদের সরকারি সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ পত্র/প্রত্যয়ন পত্রের মূল কপি প্রদর্শনপূর্বক সকল সনদ/প্রত্যয়ন পত্রের ১ সেট ফটোকপি দাখিল করতে হবে;
৭. প্রার্থীকে অবশ্যই সরকার নির্দেশিত স্বাস্থ্যবিধি অনুসরণ করে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে;
৮. সরবরাহকৃত উত্তরপত্রেই লেখা সম্পন্ন করতে হবে। অতিরিক্ত কাগজ সরবরাহ করা হবে না এবং ব্যবহৃত প্রশ্নপত্র উত্তরপত্রের সাথে অবশ্যই জমা দিতে হবে;
৯. লিখিত/ব্যবহারিক/মৌখিক পরীক্ষার জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না;
১০. পরীক্ষা সংক্রান্ত তথ্যাদি এবং ফলাফল কর আপীল অঞ্চল-৪, ঢাকা এর নোটিশ বোর্ড ও ওয়েবসাইটে (www.taxappealzone4dhaka.gov.bd) প্রকাশ করা হবে;
১১. নিয়োগকারী কর্তৃপক্ষ নিয়োগ সংক্রান্ত যে কোন সিদ্ধান্ত গ্রহণ/পরিবর্তনের অধিকার সংরক্ষণ করে।

০৫/০৫/২৪

(রেজিনা সুলতানা রিজু)
যুগ্ম কর কমিশনার
আপীলাত রেঞ্জ-৩

ও

সদস্য সচিব
বিভাগীয় নির্বাচন কমিটি
কর আপীল অঞ্চল-৪ ঢাকা